

## প্রাথমিক ইবতেদায়ি জেএসসি জেডিসি বৃত্তি পাচ্ছে ১ লাখ ৭ হাজার

### মুসতাক আহমদ

প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী এবং জেএসসি ও জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে এবার সর্বমোট ১ লাখ ৭ হাজার শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হবে। এরমধ্যে প্রাথমিকে ৫৫ হাজার, ইবতেদায়িতে ১৫ হাজার, জেএসসিতে ৩১ হাজার এবং জেডিসিতে ৬ হাজার বৃত্তি পাবে। বৃত্তি প্রদানের ক্ষেত্রে এবার গত বছরেরই নীতিমালা অনুসরণ করা হবে বলে জানা গেছে। এ বছর বৃত্তির জন্য ব্যয় হবে প্রায় ৩৫ কোটি টাকা। সাধারণত বৃত্তির এই অর্থ শিক্ষা মন্ত্রণালয় থেকে বরাদ্দ করা হয়। এরমধ্যে নিম্নমাধ্যমিক স্তরের বৃত্তি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, প্রাথমিকের বৃত্তি প্রাথমিক শিক্ষা অধিদফতর আর ইবতেদায়ির বৃত্তি মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে নিয়ন্ত্রিত হয়। জানতে চাইলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা সম্পূর্ণ বিনা বেতনে লেখাপড়া করবে। কোনো শিক্ষা প্রতিষ্ঠান এসব শিক্ষার্থীর কাছ থেকে অর্থ আদায় করলে সরকার আইনানুগ ব্যবস্থা নেবে। প্রাথমিকে এবারও উপজেলাভিত্তিক বৃত্তি দেয়া হবে। ৫৫ হাজার

বৃত্তির মধ্যে ৩৩ হাজার সাধারণ আর ২২ হাজার মেধাবৃত্তি। এরমধ্যে মোট শিক্ষার্থীকে একটি উপজেলার শিক্ষার্থী দিয়ে ভাগ করে আগে বৃত্তি সংখ্যা উপজেলায় বন্টন করা হবে। এরপর উপজেলার প্রতি ইউনিয়নে কমপক্ষে ২ জন ছেলে ও ২ জন মেয়ে সাধারণ বৃত্তি পাবে। আর মেধাবৃত্তি উপজেলায় যা যাবে, তা উপজেলার প্রথম মেধাবী থেকে মেধাক্রম অনুযায়ী বন্টন করা হবে। এবার দ্বিতীয়বারের মতো ইবতেদায়িতে সরকারি বৃত্তি দেয়া হবে। এই স্তরে গত বছর পর্যন্ত বোর্ডের নিজস্ব খাতের অর্থ থেকে বৃত্তি দেয়া হতো। গত বছর প্রথমবারের মতো ১৫ হাজার শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হয়। মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ছায়েফউল্লাহ বুধবার বিকালে জানান, এবারও ১০ হাজার সাধারণ এবং ৫ হাজার মেধাবৃত্তি ক্যাটাগরিতে বৃত্তি দেয়া হবে। প্রাথমিক ও ইবতেদায়ির বৃত্তি দেয়া হবে ৩ বছরের জন্য। জেএসসি ও জেডিসিতে বৃত্তি দেয়া হবে বোর্ডভিত্তিক। জেএসসিতে মোট ৩১ হাজার বৃত্তির মধ্যে এবার ৯ হাজার ৮০০ মেধা ও ২২ হাজার সাধারণ বৃত্তি। সারা দেশের পাচ্ছে : পৃষ্ঠা ৭ : কলাম ৪

### পাচ্ছে : বৃত্তি (৩য় পৃষ্ঠার পর)

মোট শিক্ষার্থীকে বোর্ডের শিক্ষার্থী দিয়ে ভাগ করে প্রথমে বোর্ডে বৃত্তি বন্টন করা হবে। পরে মেধা অনুযায়ী বোর্ড বৃত্তি দেবে। আর জেডিসিতে মেধা বৃত্তি ২ হাজার এবং সাধারণ বৃত্তি ৪ হাজার। এই স্তরের বৃত্তি ২ বছরের জন্য দেয়া হবে। বৃত্তিপ্রাপ্তদের মধ্যে মেধা ক্যাটাগরিতে বার্ষিক এককালীন ৩৭৫ টাকা ছাড়াও প্রতি মাসে ৩শ' আর সাধারণ ক্যাটাগরিতে বার্ষিক এককালীন ২২৫ টাকা ছাড়াও প্রতি মাসে ২০০ টাকা করে দেয়া হবে। বোর্ডগুলো তাদের বৃত্তি উপজেলাভিত্তিক বন্টন করবে। জেএসসি-জেডিসিতে সর্বনিম্ন ৩ পেতে হবে বৃত্তির প্রার্থী হতে হবে। এর কম পেলে তাকে গণনায়ই আনা যাবে না। একই বৃত্তির জন্য একাধিক প্রার্থী পাওয়া গেলে সে ক্ষেত্রে চতুর্থ বিষয়ের নম্বর বাদ নিতে হবে। এরপরও সমান নম্বর হলে বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের নম্বর গণনায় আনতে হবে। ছাত্রছাত্রী সমানসংখ্যক বৃত্তি পাবে।